দৈনিক বাংলা

28 AUG 1988
তারিখ ... 6
পৃষ্ঠা ... কলাম 4

D 1

# মেডিক্যাল কলেজে ভর্তি পরিক্ষায় অবজেকটিভ প্রশ্ন থাকবে

১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষে বাংলাদেশের বিভিন্ন মেডিক্যাল কলেজে ১ম বর্ষে ভর্তির লিখিত পরীক্ষার প্রশ্নপত্র বাংলা ও ইংরেজী ভাষায় এম সি কিউ (মালটিপল চয়েজ কোয়েশচেন) অবজেকটিভ আকারে হবে। খবর তথ্য বিবরণীর।

পরীক্ষায় অনুরূপ ১৫০টি প্রশ্নসংবলিত প্রশ্নপত্র দেয়া হবে এবং উত্তর দেয়ার জন্য উক্ত ১৫০ নং সংযুক্ত আলাদা কাগজের সিট সরবরাহ করা হবে। উত্তর দানের জন্য তিন ঘন্টা সময় দেয়া হবে। প্রতি প্রশ্নে ৪টি অংশ থাকবে, উত্তর পত্রের প্রতি প্রশ্নের বিপরীতে ৪টি গোল দাগ থাকবে। পরীক্ষার্থী যে উত্তরটি সঠিক মনে করেন তার বিপরীতে গোল দাগটি কাঠপেন্সিল দ্বারা পূরণ করবেন। উত্তর পত্র কম্পিউটারের সাহায্যে পরীক্ষা করা হবে।

যেসব প্রার্থী বাংলাদেশীয় বোর্ডের বাইরে থেকে সমমান পরীক্ষায় পাস করেছেন তাদেরকে পূর্বাহ্নে স্বাস্থ্য অধিদফতরের চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন পরিচালকের অফিস অথবা কলেজের অধ্যক্ষের অফিস থেকে তাদের যোগ্যতা যাচাই করে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে।